অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

2024 সালের আন্তর্জাতিক আইস হকি ফেডারেশনের ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ আয়োজনকারী সিটি হিসেবে ইউটিকাকে বেছে নেওয়া হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

2024 সালের বসন্তকালে মোহাক ভ্যালিতে বিশ্বের শীর্ষস্থানীয় মহিলা হকি খেলোয়াড়রা প্রতিযোগিতায় অংশ নেবেন

মর্যাদাপূর্ণ এই আন্তর্জাতিক প্রতিযোগিতা 30 বছর পরে নিউ ইয়র্কে ফিরে আসছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2024 সালের আন্তর্জাতিক আইস হকি ফেডারেশনের ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ (International Ice Hockey Federation World Women's Championship), যার আনুমানিক নির্ধারিত সময়সূচি 4-14 এপ্রিল, 2024, আয়োজনকারী সিটি হিসেবে ইউটিকাকে বেছে নেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের হকি বিভাগ (USA Hockey) আপার মোহাক ভ্যালি মেমোরিয়াল অডিটোরিয়াম অথরিটি (Upper Mohawk Valley Memorial Auditorium Authority) এবং অ্যাডিরনড্যাক ব্যাংক সেন্টার (Adirondack Bank Center) এবং ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টার (Utica University Nexus Cente)-এর সঙ্গে মিলে এই ইভেন্ট আয়োজন করবে। IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ মহিলাদের আইস হকির জন্য একটি প্রিমিয়ার আন্তর্জাতিক টুর্নামেন্ট। ইউটিকা দশটি আন্তর্জাতিক দল, 350 জন খেলোয়াড়, 30,000 স্থানীয় দর্শক এবং 20,000 ওভারনাইট দর্শককে মোহাক ভ্যালিতে স্বাগত জানাবে।

"ইউটিকায় আয়োজিত হয়ে যাওয়া 2024 সালের IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ নিউ ইয়র্কের শীতকালীন ক্রীড়ার ঐতিহ্যে পরবর্তী অধ্যায় যোগ করতে যাচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "1994 সালের IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ আয়োজনের স্থান হিসেবে, এবং সেইসাথে 1932 সালের এবং 1980 সালের উইন্টার অলিম্পিকস এবং এবছরের FISU শীতকালীন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আয়োজনের স্থান হিসেবে, নিউ ইয়র্ক স্টেট শীতকালীন ক্রীড়া ও পর্যটনের প্রতি এটির অঙ্গীকারাবদ্ধতার জন্য গর্বিত। এখন, স্টেটের উল্লেখযোগ্য বিনিয়োগ এবং স্থানীয় অবকাঠামোর উন্নয়নের সুবাদে, ইউটিকা ও ওনেইডা কাউন্টি বিশ্বের সবচেয়ে প্রতিযোগিতামূলক মহিলাদের আইস হকি টুর্নামেন্টের জন্য হাজার হাজার ক্রীড়াবিদ ও দর্শককে আমন্ত্রণ জানানো এবং বিশ্বকে মোহাক ভ্যালিতে স্বাগতম জানানোর জন্য প্রস্তুতি নিচ্ছে।"

আন্তর্জাতিক আইস হকি ফেডারেশনের প্রেসিডেন্ট লুক টারডিফ বলেন, "IIHF-এর পক্ষ থেকে, আমি ইউটিকা সিটিকে 2024 সালের IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ আয়োজন করার সম্মান অর্জনের জন্য অভিনন্দন জানাতে চাই। মহিলাদের এই গুরুত্বপূর্ণ টুর্নামেন্ট যুক্তরাষ্ট্রে ফিরে আসতে পারা একটি চমৎকার ব্যাপার, এবং নিউ ইয়র্ক স্টেটে ফিরে আসতে পারা আরো বেশি চমৎকার ব্যাপার, যেটি সম্প্রতি IIHF আইস হকি U18 উইমেন'স ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (IIHF Ice Hockey U18 Women's World Championship) এবং IIHF ওয়ার্ল্ড জুনিয়র চ্যাম্পিয়নশিপ (IIHF World Junior Championship) আয়োজন করেছে, কিন্তু 1994 সালের পর থেকে উইমেন'স ওয়ার্ল্ড আয়োজন করেনি। যুক্তরাষ্ট্রের হকি বিভাগ শেষ বার IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ আয়োজন করেছিল 2017 সালে, যেটি সর্বকালের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও উদ্দীপনাপূর্ণ IIHF ইভেন্টগুলোর মধ্যে একটি ছিল বলে ইতিহাস দেখিয়ে দিয়েছে। 1994 সাল থেকে 2017 সাল এবং বর্তমান সময় পর্যন্ত মহিলাদের গেমে অনেক পরিবর্তন ঘটেছে, এবং যদিও ভক্তরা নিশ্চিতভাবেই অসাধারণ যুক্তরাষ্ট্র-কানাডা প্রতিদ্বন্দ্বীতার আরেকটি অধ্যায় প্রত্যক্ষ করতে পেরে রোমাঞ্চ অনুভব করবেন, আমরা লোকজনকে ইউরোপের ও দূর প্রাচ্যের টিমগুলোর দিকেও নজর দিতে উৎসাহিত করছি যারা ব্যবধান কমিয়ে এনে ক্রমশ কাছাকাছি অবস্থানে পৌঁছে যাচ্ছে। ফিনল্যান্ড ও সুইডেন, চেচিয়া ও সুইজারল্যান্ড, জার্মানি ও জাপান সবাই 2023 সালে ব্র্যাম্পটন, অন্টারিওতে অসাধারণ পারফর্ম্যান্স দেখিয়েছে, এবং আমরা আশা করছি এসব দেশ 2024 সালে উত্তর আমেরিকানদের জন্য আরো বড় চ্যালেঞ্জ হয়ে উঠবে।"

যুক্তরাষ্ট্রের হকি বিভাগের এক্সিকিউটিভ ডিরেক্টর প্যাট কেলেহার বলেন, "IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ যুক্তরাষ্ট্রে ফেরত আসায় আমরা রোমাঞ্চিত এবং এই ইভেন্ট ইউটিকায় নিয়ে আসতে পেরে অনেক বেশি উচ্ছসিত। আমাদের সঙ্গে অংশীদার হওয়ার ক্ষেত্রে, রবার্ট এসচির নেতৃত্বাধীন, মোহাক ভ্যালি গার্ডেন গ্রুপের নেতৃস্থানীয় অবস্থান, এবং নিউ ইয়র্ক স্টেট, ওনেইডা কাউন্টি, টার্নিং স্টোন রিসোর্ট (Turning Stone Resort) এবং ইউটিকা সিটির কাছ থেকে পাওয়া সহায়তা অসাধারণ একটি ব্যাপার ছিল। যুক্তরাষ্ট্রে ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ আয়োজন করতে পারার সুযোগ ঘন ঘন আসে না, এবং আমরা জানি ভক্তরা আগামী এপ্রিল মাসে বিশ্বের সেরা মহিলা হকি খেলোয়াড়দের দেখার সুযোগ উপভোগ করবেন।"

মোহাক ভ্যালি গ্রুপের প্রেসিডেন্ট এবং সাবেক NHL নেটমাইন্ডার রবার্ট এসচি বলেন, "IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপের মতো মর্যাদাপূর্ণ একটি ইভেন্ট আয়োজন করা সত্যিকার অর্থেই একটি সম্মানজনক ব্যাপার এবং ইউটিকা সিটিতে ক্রীড়ার সংগ্রহশাল বেড়ে উঠা ও গড়ে তোলা অব্যাহত রাখার এই সময়ে, ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টার এবং অ্যাডিরনড্যাক ব্যাংক সেন্টারের জন্য আরেকটি মাইলফলক নির্দেশ করছে। বিশ্বের মহিলা হকির সর্বোচ্চ স্তর প্রদর্শন করতে সক্ষম হওয়ায় আমরা অত্যন্ত সৌভাগ্যবান এবং সম্ভাব্য সেরা অভিজ্ঞতা তৈরি করার জন্য যুক্তরাষ্ট্রের হকি বিভাগের সঙ্গে অংশীদার হয়ে কাজ করা প্রত্যাশা রাখি।"

ইউটিকার মেয়র রবার্ট এম. পালমেরি বলেন, "আমি রোমাঞ্চিত যে ইউটিকা সিটি আন্তর্জাতিক আইস হকি ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়ন আয়োজন করবে। এটি একটি সিটি হিসেবে আমাদের গতিশীলতা ও দারুণ সম্ভাবনার আরেকটি লক্ষণ। ইউটিকা সিটিতে একটি উদ্‌বুদ্ধ হকি ফ্যানবেজ এবং একটি বৈচিত্র্যপূর্ণ আতিথেয়তার সংস্কৃতি রয়েছে যা অংশগ্রহণকারী দলগুলো এবং আমাদের অধিবাসীদের জন্য এই ইভেন্টকে একটি অবিস্মরণীয় অভিজ্ঞতায় পরিণত করবে। এসব সম্ভব হয়েছে কারণ নিউ ইয়র্ক স্টেট, ওনেইডা কাউন্টি, মোহাক ভ্যালি গার্ডেন্স এবং ইউটিকা সিটি ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টারকে ফলপ্রসূ করার জন্য একটি রূপকল্প ও অঙ্গীকারাবদ্ধতা শেয়ার করেছে। এই ঘোষণাটি সম্ভব করে তোলার জন্য গভর্নর হোকল এবং অন্য সব অংশীদারকে ধন্যবাদ। আমাদের সিটি একটি বিশ্বমানের ইভেন্ট আয়োজনের জন্য প্রস্তুত থাকবে এবং প্রথম পাক নিচে পড়ার মূহূর্তটির জন্য আমরা উচ্ছসিত হয়ে আছি।"

2022 সালের ডিসেম্বর মাসে, গভর্নর হোকল ডাউনটাউন ইউটিকায় 64 মিলিয়ন ডলারের নতুন ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টারের সাড়ম্বর উদ্বোধন ঘোষণা করেন, যেটি আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে 22 মিলিয়ন ডলারের সহায়তা পেয়েছিল। 170,000 বর্গফুট আয়তনের টুর্নামেন্ট ভিত্তিক চিত্তবিনোদন ও ক্রীড়া কর্মসূচি আয়োজনের কমপ্লেক্সটি আইস হকি, বক্স ল্যাক্রোস, সকার এবং মাঠে অনুষ্ঠিত অন্যান্য ক্রীড়া আয়োজনের জন্য কাজে লাগানো হয় এবং যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে প্রতিযোগিতামূলক দলগুলোকে আকৃষ্ট করে থাকে। এই নেক্সাস সেন্টার প্রতি বছর 24টি হকি এবং 24টি ল্যাক্রোস টুর্নামেন্ট আয়োজন করার মাধ্যমে, প্রতি বছর 320,000-এরও বেশি দর্শককে স্বাগত জানানো এবং দর্শকদের প্রত্যক্ষ ব্যয়ের মাধ্যমে 26 মিলিয়ন ডলারেরও বেশি উপার্জন করার সক্ষমতা রাখে।

নিউ ইয়র্ক স্টেট অ্যাডিরনড্যাক ব্যাংক সেন্টারকে এই ফ্যাসিলিটির উন্নয়নের জন্য 10.5 মিলিয়ন ডলার সহায়তা প্রদান করেছে। সেইসাথে, ইউটিকার ডাউনটাউন গিনিস স্ট্রিট 2019 সালে 10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) বিজয়ী হিসেবে নির্বাচিত হয়েছে, যা নতুন ব্যবসা প্রতিষ্ঠানগুলো, অধিবাসী ও দর্শনার্থীদেরকে ইউটিকাতে আকৃষ্ট করার মাধ্যমে এই সিটিকে অধিকতর উজ্জ্বল একটি ভবিষ্যতের দিকে নিয়ে যেতে সাহায্য করছে।

এসব বিনিয়োগ নিউ ইয়র্কের শীতকালীন ক্রীড়ার সমৃদ্ধ ঐতিহ্যকে কাজে লাগানো ও উদযাপন করার জন্য গভর্নর হোকলের গভীর অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে এবং তা অব্যাহত রেখেছে, যার মধ্যে সম্প্রতি লেক প্লাসিডে এবং নর্থ কান্ট্রিব্যাপী ভেন্যুগুলোতে আয়োজিত 2023 সালের FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস অন্তর্ভুক্ত রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "এটি একটি ইতিবাচক প্রমাণ যে ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টরের মতো প্রকল্পগুলোতে আমাদের বিনিয়োগ, এবং ডাউনটাউন পুনরুজ্জীবীতকরণ উদ্যোগের মতো উদ্যোগগুলো অর্থনীতিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। ইউটিকার সফলতা উদযাপন করতে পেরে আমরা আনন্দিত এবং আমরা রোমাঞ্চিত যে হাজার হাজার

দর্শনার্থী ইউটিকার চমৎকার হকি সংস্কৃতি এবং মোহাক ভ্যালি অঞ্চলের দারুণ সব আকর্ষণের অভিজ্ঞতা লাভ করবেন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটন বিষয়ক এক্সিকিউটিভ ডিরেক্টর রস ডি. লেভি বলেন, "নিউ ইয়র্ক স্টেটে IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপকে পুনরায় স্বাগতম জানাতে পেরে আই লাভ NY উচ্ছসিত। ইউটিকা শুধু চমৎকার একটি হকি টাউনই নয়; বরং এই সিটি এবং এর আশেপাশের অঞ্চল টুর্নামেন্টের অংশগ্রহণকারী এবং দর্শকদের জন্য সমানভাবে একটি পুরোপুরি ছুটি উদযাপন করার মতো পরিবেশ তৈরি করতে দারুন সব আকর্ষণ ও ক্রিয়াকলাপ অফার করে থাকে। অনন্য রন্ধন অভিজ্ঞতা থেকে নিয়ে ঐতিহাসিক স্থানসমূহ থেকে ঘরের বাইরে চিত্তবিনোদনের ব্যবস্থা পর্যন্ত, আমরা এই টুর্নামেন্টকে ভ্রমণকারীদের কাছে নিউ ইয়র্ক স্টেটে নিজেদের পছন্দের বিষয়টি খুঁজে নেওয়ার জন্য সর্বশেষ সুযোগ হিসেবে উপস্থাপন করার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

স্টেট সিনেটর জোসেফ গ্রিফো বলেন, "2024 সালের IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ ইউটিকা মেমোরিয়াল অডিটোরিয়ামে অ্যাডিরনড্যাক ব্যাংক সেন্টারে এবং ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টারে আয়োজিত হতে যাচ্ছে এই ঘোষণা ইউটিকা সিটি, ওনেইডা কাউন্টি, মোহাক ভ্যালি এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য একটি উদ্দীপনাপূর্ণ সংবাদ। এই ইভেন্ট এই এলাকার রেস্তোরাঁ, হোটেল, ব্যবসা প্রতিষ্ঠান ও কমিউনিটিগুলোর জন্য একটি প্রধান অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবে ভূমিকা পালন করবে এবং বিশ্বের বিভিন্ন স্থান থেকে আসা হাজার হাজার ভ্রমণকারী ও দর্শকের সামনে এই অঞ্চলের অফার করার সবকিছু উপস্থাপন করার একটি উল্লেখযোগ্য সুযোগ হিসেবে কাজ করবে। এই ধারণাকে বাস্তব রূপ দেওয়ার সঙ্গে সম্পৃক্ত সবার প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই এবং আমি এর সঙ্গে আসা উৎসাহ-উদ্দীপনা, ক্রিয়াকলাপ এবং চমৎকার হকির জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিঅ্যান বাটেনসন বলেন, "এটি এই সিটির জন্য একটি বিস্ময়কর সুযোগ কারণ এটি এই কমিউনিটির জন্য ইউটিকা কী কী অফার করতে পারে তা তুলে ধরার একটি মুহূর্ত হতে যাচ্ছে। ইউটিকা বিশ্ববিদ্যালয় নেক্সাস সেন্টার, এই সিটি এবং মোহাক ভ্যালি অঞ্চলের জন্য তাদের সমর্থনের জন্য আমি আমার সঙ্গী আইন প্রণেতাদের প্রতি এবং গভর্নরের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। অ্যাডিরনড্যাক ব্যাংক সেন্টার এবং নেক্সাস এমন ব্যতিক্রমী ফ্যাসিলিটি যা এই বৃহৎ স্বীকৃতি পাওয়ার অধিকার রাখে।"

IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ 1990 সালে শুরু হয় এবং নিউ ইয়র্ক স্টেটে সর্বশেষ 1994 সালে আয়োজিত হয়েছিল যখন লেক প্লাসিড এই প্রতিযোগিতার আয়োজক ছিল। যুক্তরাষ্ট্র এর আগে চারবার IIHF ওয়ার্ল্ড উইমেন'স চ্যাম্পিয়নশিপ আয়োজন করেছে, অন্যান্য আয়োজক সিটিগুলোর মধ্যে রয়েছে বার্লিংটন, ভারমন্ট এবং মিনিয়াপোলিস। কানাডা এবং যুক্তরাষ্ট্র এই চ্যাম্পিয়নশিপের শুরুর সময় থেকে এটিতে আধিপত্য বজায় রেখেছে। কানাডা টানা প্রথম আটটি টুর্নামেন্টে স্বর্ণ জিতে নিয়েছিল এবং যুক্তরাষ্ট্র সর্বশেষ এগারটি টুর্নামেন্টের মধ্যে নয়টিতে স্বর্ণ জিতে নিয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন